মেহেরপুরে পুলিশের অভিযানে স্বেচ্ছাসেবক লীগের নেতা গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে স্বেচ্ছাসেবক লীগের ওয়ার্ড সভাপতিকে গ্রেফতার করা হয়েছে হয়েছে।

গতকাল শুক্রবার দিবাগত রাত থেকে শনিবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত আসামি হলো, টেংরামারী ০৯ নং ওয়ার্ডের মৃত জানারুল মোল্লার ছেলে টেংরামারী ০৯ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ও বর্তমান মেম্বার মোঃ মোকাদ্দেস হোসেন (৪২)।

গ্রেফতাকৃতকে বিজ্ঞ আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। জেলার সর্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।

মেহেরপুরে পুলিশের অভিযানে আওয়ামী লীগ নেতাসহ গ্রেফতার ৫

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার অভিযানে আওয়ামী লীগ নেতাসহ বিভিন্ন মামলার ৫ আসামি জনকে গ্রেফতার করা হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ২ জন ও সদর থানা পুলিশের অভিযানে ৩ জন রয়েছে।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাত থেকে আজ শুক্রবার সোমবার ভোররাত পর্যন্ত জেলার তিনটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব

আসামি গ্রেফতার করা হয়।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, কালি গাংনীর মোঃ আওলাদ হোসেনর ছেলে কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মোঃ আবুল কাশেম (৪৮), সুবিদপুর খানপাড়ার মোঃ ইলিয়াস মল্লিকের ছেলে মোঃ রাকিবুল মল্লিক (২৩) এবং সুবিদপুর খানপাড়ার মৃত ইদ্রিস মল্লিকের ছেলে ইলিয়াস মল্লিক (৪৬)।

গাংনী থানা পুলিশের অভিযানে গ্রেফতারকৃত হলো, ফতেহপুর গ্রামের মোঃ তাহাজ উদ্দিনের ছেলে গাংনী পৌর ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সহ-সভাপতি মাসুদ রানা (৪৬) এবং বামুন্দী ক্যাম্পপাড়ার মৃত তাহের উদ্দিনের ছেলে বামন্দী ১ নং ওয়ার্ড কৃষক লীগের সাবেক সভাপতি আবু বক্কর (৫৪)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দিন ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল অভিযানের নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে।

জেলার সর্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।

মেহেরপুরে আওয়ামী লীগের ৬ জনসহ ১১ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের পৃথক অভিযানে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন এবং জামায়াত নেতার বাড়ি পুড়িয়ে দেওয়ার মামলায় আওয়ামী লীগের ৬ নেতাকর্মীসহ ১১ জনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আওয়ামী লীগ নেতারা হলেন গাংনী উপজেলার চাঁদপুর গ্রামের মৃত রহমানের ছেলে আব্বাছ আলী, বাঁথানপাড়া গ্রামের আব্দুল গনির ছেলে রাশিদুল ইসলাম, বাহার আলীর ছেলে কাজল হোসেন, গাংনী

ইদ্রিস আলীর ছেলে থানাপাড়ার জসিম উদ্দিন, সদর উপজেলার শ্যামপুর গ্রামের আবুল খয়েরের ছেলে ইমদাদুল হক এবং আবুল হাসেমের ছেলে বজলুর রহমান।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে গাংনী থানায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মামলা এবং মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর সাবেক আমীর ছমির উদ্দিনের বাড়ি পুড়িয়ে দেওয়ার মামলা রয়েছে।

এছাড়া গাংনী থানা পুলিশের অপর অভিযানে গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের সিরাজুল ইসলামের ছেলে রবিউল ইসলাম এবং বিশারথ হোসেনের ছেলে বিপ্লব হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুর ক্যাম্পের মাদক বিরোধী অভিযানে ৯০ পিচ ইয়াবাসহ মিজানুর রহমানকে আটক করেছে।

এছাড়া মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে বাগোয়ান গ্রামের আব্দুল হান্নানের ছেলে রবিউল ইসলাম ময়নাকে একটি মামলায় গ্রেফতার করেছে।

বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে গাংনী থানা পুলিশ ও সদর থানা পুলিশের পৃথক অভিযানে আওয়ামী লীগের এসব নেতাকর্মী গ্রেফতার হন। একই সময়ে মাদকসহ অন্যান্য মামলায় ৫ আসামি গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে জেলা জামায়াতের সাবেক আমিরের বাড়ি ঘরে হামলা, অগ্নিসংযোগ এবং গাংনী থানায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের দায়ের করা মামলা রয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম পিপিএম এ তথ্য নিশ্চিত করেছেন। আজ বৃহস্পতিবার দুপুরে গ্রেফতারকৃতদের আদালতে নিয়ে যাওয়া হলে তাদের জেল হাজতে প্রেরণের আদেশ দেন বিজ্ঞ বিচারক।

[redacted]

[redacted]

[redacted]

[

সদর থানা পুলিশ। তিনি মুজিবনগরের সোনাপুর সীমান্ত দিয়ে ভারতে পালানোর চেষ্টা করছিলেন।

সাবেক মন্ত্রী ফরহাদ হোসেনের স্ত্রী সৈয়দা মোনালিসার জামিন

সাবেক জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেনের স্ত্রী ও যুব মহিলা লীগের কেন্দ্রীয় সহ-সভানেত্রী সৈয়দা মোনালিসা ইসলামকে অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছেন হাইকোর্ট।

গতকাল সোমবার (২৪ মার্চ) হাইকোর্টের বিচারপতি মো. ইকবাল কবির ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর সমন্বয়ে গঠিত বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদালতে আজ রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাহেরুল ইসলাম তৌহিদ, সহকারী অ্যাটর্নি জেনারেল মো. মিজানুর রহমান ও সহকারী অ্যাটর্নি জেনারেল মো. আল-আমিন।

ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাহেরুল ইসলাম তৌহিদ বলেন, এই আদেশের বিরুদ্ধে আপিল বিভাগে আবেদনের উদ্যোগ নেওয়া হচ্ছে। আমরা আপিল করবো।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ঘটনায় দায়ের করা এক মামলায় গত ১৬ ফেব্রুয়ারি রাতে ঢাকার ইস্কাটন এলাকা থেকে সৈয়দা মোনালিসা ইসলামকে গ্রেফতার করে পুলিশ।

পরদিন ১৭ ফেব্রুয়ারি মেহেরপুর আমলি আদালতে হাজির করে সাত দিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা। আমলি আদালতের বিচারক বেগম শারমিন নাহার তাকে তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন।

কিশোরগঞ্জ-৫ আসনের সাবেক এমপি আফজাল হোসেন মেহেরপুর থেকে গ্রেপ্তার

কিশোরগঞ্জ-৫ (বাজিতপুর-নিকলী) আসনে আওয়ামী লীগের সাবেক এমপি মো. আফজাল হোসেনকে মেহেরপুর শহর থেকে গ্রেপ্তার করেছে পুলিশ।

সোমবার ভোরে মেহেরপুর শহরের তাহের ক্লিনিকপাড়ার স্বেচ্ছাসেবক লীগের নেতা ইবনে মামুনের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।



সেইসঙ্গে আশ্রয়দাতা ইবনে মামুনকেও জিজ্ঞাসাবাদের জন্য আটক করে মেহেরপুর সদর থানায় নিয়েছে পুলিশ। মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক নেতা ইবনে মামুনের ভাইয়েরা জুতার ব্যবসা করেন।

সাবেক এমপি আফজাল হোসেনের মালিকানাধীন ‘আফজাল সুজ’ কম্পানির সঙ্গে ইবনে মামুনের ভাইদের ব্যবসায়িক সম্পর্ক রয়েছে। সে সূত্রেই এমপি আফজাল হোসেন ওই নেতার বাসায় আশ্রিত ছিলেন বলে জানা গেছে।

পুলিশের একটি সূত্র জানায়, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে সাবেক এই এমপির অবস্থান শনাক্ত করে পুলিশ।

স্থানীয় একাধিক সূত্রের তথ্যমতে, মেহেরপুর তবে বিভিন্ন সূত্রে জানা গেছে, সোমবার ভোরের দিকে জেলার মুজিবনগর উপজেলার সোনাপুর সীমান্ত দিয়ে ভারতে পালিয়ে যাওয়ার প্রস্তুতি ছিল তার।

এ জন্য সীমান্তের একটি চক্রের সঙ্গে মোটা অঙ্কের টাকায় চুক্তিও করেছিলেন বলে অসমর্থিত সূত্রগুলো জানায়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মেজবাহ উদ্দিন সাবেক

এমপি মো. আফজাল হোসেনের গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে বলেন, ‘কিশোরগঞ্জ জেলা পুলিশের একটি টিম মেহেরপুরের উদ্দেশে রওনা দিয়েছে। বিকাল নাগাদ পুলিশের টিম মেহেরপুর পৌঁছালে তাকে পুলিশের কাছে সোপর্দ করা হবে।

তবে মেহেরপুর জেলার পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম জানান, ঢাকা মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগের (ডিবি) রিক্যুইজিশনের (অধিযাচন) ভিত্তিতে সোমবার কিশোরগঞ্জ-৫ (বাজিতপুর-নিকলী) আসনের সাবেক এমপি মো. আফজাল হোসেনকে মেহেরপুর সদর থানার পুলিশ গ্রেপ্তার করেছে।

এদিকে কিশোরগঞ্জ জেলার বাজিতপুর থানার ওসি মো. মুরাদ হোসেন জানান, বাজিতপুর থানায় সাবেক এমপি মো. আফজাল হোসেনের বিরুদ্ধে একটি হত্যা মামলাসহ কমপক্ষে সাতটি মামলা রয়েছে। এগুলোর বেশিরভাগই ৪ আগস্টের ঘটনায় বিস্ফোরক আইনে দায়ের করা হয়।

মেহেরপুরে আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবী ও ফিলিস্তিনে হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল

মেহেরপুরে আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবিতে ও ফিলিস্তিনে ইসরায়েলের বর্বরোচিত হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল হয়েছে।

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির আয়োজনে শনিবার বেলা সাড়ে ১২ টার দিকে মিছিলটি প্রেসক্লাবের সামনে থেকে শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়। মিছিল শেষে সমাবেশ অনুষ্টিত হয়।

সমাবেশে বক্তব্য দেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, সদস্য সচিব মো: মুজাহিদুল ইসলাম, জাতীয়

নাগরিক কমিটির মেহেরপুরের প্রতিনিধি মো: হাসনাত জামান সৈকত, খন্দকার মুইজ উদ্দিন, গাংনীর প্রতিনিধি আমির হামজা।

এসময় জাতীয় নাগরিক কমিটি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলার সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বৈষম্য বিরোধীর মামলায় আগাম জামিন পেলেন ২১ আওয়ামী লীগ নেতাকর্মী

গাংনীতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ছাত্রদের উপর হামলার অভিযোগে দায়ের করা সন্ত্রাস দমন আইনের মামলায় দুই দফায় ২১ আসামিকে ৮ সপ্তাহের জন্য আগাম জামিন দিয়েছেন হাইকোর্টের একটি বেঞ্চ।

আজ বুধবার বিকালে হাইকোর্টের বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমান এবং মোহাম্মদ শওকত আলী চৌধুরীর সমন্বয়ে গঠিত একটি ডিভিশন বেঞ্চ ৯ জন নেতাকর্মীকে ৮ সপ্তাহের অন্তর্বর্তীকালীন জামিন মঞ্জুর করে মেহেরপুর দায়রা জজ আদালতে আত্মসমর্পণের নির্দেশ দেন।

এর আগে গতকাল ১৮ মার্চ একই বেঞ্চের বিচারক এই মামলার ১২ আসামিকে ৮ সপ্তাহের জামিন দেন।

আগাম জামিন প্রাপ্তদের মধ্যে রয়েছেন গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার হোসেন পাশা, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য মজিরুল ইসলাম মিয়া, সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু, গাংনী পৌর যুবলীগের দফতর সম্পাদক জুবায়ের হোসেন উজ্জল, সাবেক ছাত্রনেতা বিপ্লব হোসেন,

রাইপুর ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ রাজু আহম্মেদ, সেচ্ছাসেবক লীগ নেতা আশিকুজ্জামান পিন্টু, ওবাইদুল ইসলাম, রেজাউল ইসলাম, আওয়ামী লীগ নেতা ইয়ারুল ইসলাম ও রাশিদুল ইসলাম। মামলায় আসামী পক্ষের আইনজীবী ছিলেন এডভোকেট হুমায়ুন কবির।

উল্লেখ্য, গাংনী পৌর সভার চৌগাছা গ্রামের বাসিন্দা সাবেক সেনা সদস্য জুলফিকার আলী ভূট্টোর ছেলে ইমন বাদী হয়ে আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ ও সহযোগী সংগঠণের ৩৫ জনকে এজাহার নামীয় ও ১০০ জনকে অজ্ঞাতনামা আসামি করে সন্ত্রাস দমন আইন ২০০৯ সালের (সংশোধনী ২০১২) এর ৬(২)/৭(৫)/৭(৬)(ক)/৭(ক)(খ)/১০/১১/১২/১৩ ধারায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ০২/২৪ ইং, গাংনী থানার মামলা নং ১১, তারিখ ১৯/০৮/২৪ ইং জিআর মামলা নং ২২৭/২৪ ইং। মামলাটি বর্তমানে আমলী আদালত গাংনীতে বিচারাধীন রয়েছে।

মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ বলেন, হাইকোর্টেও বেঞ্চে জামিনের জন্য আবেদন করলে বিজ্ঞ বিচারক মামলার আসামিদের মধ্যে দুই দিনে ২১ আসামিকে ৮ সপ্তাহের অন্তবর্তিন জামিন দিয়েছেন।

মেহেরপুরে পুলিশ ও বিজিবির অভিযানে গ্রেফতার ৭

জামায়াত নেতা হত্যা মামলার এজাহারনামীয় আসামি, আওয়ামী লীগের নেতাসহ বিভিন্ন মামলার পলাতক ৭ আসামিকে গ্রেফতার করেছে পুলিশ।

অপরদিকে, অবৈধভাবে সীমান্ত পার হয়ে ভারতে যাওয়ার সময় হুসাইন নামের এক বাংলাদেশিকে আটক করেছে বিজিবি।

গত ২৪ ঘণ্টায়, সোমবার থেকে মঙ্গলবার (১১ মার্চ) দুপুর পর্যন্ত মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের চলমান বিশেষ অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

মেহেরপুর সদর থানার বারাদি পুলিশ ক্যাম্পের অভিযানে সদর উপজেলার

হিজুলী গ্রামের ৭ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য হাজী আব্দুল জব্বার হত্যা মামলার এজাহারনামীয় আসামি ও মোমিনপুর মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাব্বারুল ইসলামের ঘরবাড়ি ভাঙচুর মামলার আসামি হিজুলী ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ওয়াহিদুজ্জামান বল্টুকে (৪৪) গ্রেফতার করা হয়।

সোমবার (১০ মার্চ) দিবাগত মধ্যরাতে হিজুলী গ্রামের মিনাপাড়ার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করে পুলিশ।
এছাড়া, আদালতের পরোয়ানাভুক্ত অপর একজন আসামিকেও গ্রেফতার করেছে পুলিশ।

মুজিবনগর থানা পুলিশের অভিযানে মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য ও আওয়ামী লীগের নেতা, আনন্দবাস গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মো. শাহিন উদ্দিন (৪২), নারী ও শিশু মামলা নং ৭৬/২৪-এর আসামি দারিয়াপুর গ্রামের রাজা মিয়ার ছেলে মো. মনিরুল ইসলাম (৩৫), ভবেরপাড়া গ্রামের শরিফুল ইসলামের স্ত্রী মোছা. সুমি খাতুন (২৮), আনন্দবাস গ্রামের আরশাদ আলীর ছেলে মো. রিফাতুল ইসলাম (৪০), এবং গাংনী থানার আমতৈল গ্রামের মৃত হোসেন মোল্লার ছেলে মো. শরিফুল ইসলাম (৩০) (প্রসিকিউশন নং ৭/২৫, ধারা ২৯০ পেনাল কোড) গ্রেফতার হন।

জানা গেছে, গ্রেফতারকৃত ওয়াহিদুজ্জামান বল্টু আওয়ামী লীগ সরকারের ক্ষমতাকালীন সময়ে বিভিন্ন লুটপাট, দুর্নীতি ও খুনের সঙ্গে জড়িত ছিলেন।

মেহেরপুর সদর থানার ওসি শেখ মেসবাহ উদ্দিন ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে, মেহেরপুর সদর উপজেলার নবীনগর খালপাড়া সীমান্তের ১১৬ নম্বর পিলারের কাছে দিয়ে অবৈধভাবে ভারতে যাওয়ার সময় জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার নাদাগাড়ি গ্রামের মৃত সিরাজুল ইসলামের ছেলে হুসাইন (৪৫) কে আটক করেছে বিজিবি।

আজ মঙ্গলবার (১১ মার্চ) সকালে বুড়িপোতা বিওপি ক্যাম্পের কমান্ডার নায়েব সুবেদার মহিদুল ইসলামের নেতৃত্বে বিজিবির একটি দল তাকে আটক করে।

এ ঘটনায় বাংলাদেশ পাসপোর্ট অর্ডার ১৯৭৩-এর ১১(১)(সি) ধারায় সদর

থানায় মামলা দায়ের করা হয়েছে।

গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার (১১ মার্চ) আদালতে নেওয়া হলে বিজ্ঞ বিচারক তাদের জামিন না দিয়ে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।

গাংনীতে আ. লীগ নেতার অবৈধ গ্যাস ব্যবসায় ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার অপরাধে স্থানীয় আওয়ামী লীগ নেতা মো. জাহাঙ্গীর আলমকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মঙ্গলবার (৪ মার্চ) দুপুরে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের পক্ষ থেকে গাংনী উপজেলার তেরাইল বাজারের মেসার্স পরশ এন্টারপ্রাইজকে এই জরিমানা করা হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

তিনি জানান, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুসারে অবৈধভাবে গ্যাস ব্যবসা পরিচালনার দায়ে মো. জাহাঙ্গীর আলমের প্রতিষ্ঠান মেসার্স পরশ এন্টারপ্রাইজকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়, যা তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।
পাশাপাশি, দ্রুততম সময়ে প্রয়োজনীয় লাইসেন্স গ্রহণ করে ব্যবসা পরিচালনার নির্দেশনা দেওয়া হয়েছে।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন কৃষি বিপণন কর্মকর্তা মো. তারিকুল ইসলাম, নিরাপদ খাদ্য কর্মকর্তা মো. রিয়াজ মাহমুদ ও জেলা পুলিশের একটি টিম।